সংবাদ

তারিখ 12 JAN 2016
পৃষ্ঠা ১২ কলাম ৬

# শিক্ষা বৃত্তি চালু করল লজিটেক

বাংলাদেশের আর্থিক অস্বচ্ছল ব্যবসায় অংশীদারদের মেধাবী সন্তান ও পোষ্যদের জন্য শিক্ষা বৃত্তি চালু করলো প্রযুক্তি ব্রান্ড লজিটেক। আগামীতে গ্রাহক পর্যায়েও এই কর্মসূচি চালু করবে প্রতিষ্ঠানটি। পর্যায়ক্রমে স্থানীয় গ্রাহকদের জন্য ঘরে বসেই লজিটেক পণ্যের আপডেট জানা ও পণ্য ক্রয়ের জন্য বিশেষ অ্যাপ প্রকাশ ও প্রযুক্তি ব্যবহার সচেনতা বিষয়ে সেমিনার ও ভোক্তা প্রশিক্ষণ কার্যক্রম হাতে নিয়েছে সদ্য নিযুক্ত লজিটেক বাংলাদেশ চ্যানেল ম্যানেজার তারিকুল হক নিপু। তিনি জানান, বাংলাদেশে লজিটেকের বাজার বিস্তৃতির পাশাপাশি একজন বাংলাদেশি হিসেবে আমি সুনির্দিষ্ট কিছু উদ্যোগ গ্রহণ করেছি। ব্যবসায়ী ও ভোক্তাদের কল্যাণে এই উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যেই শিক্ষাবৃত্তি কার্যক্রম চালু করেছি। চলতি মৌসুম জুড়ে আমাদের স্থানীয় পরিবেশক কম্পিউটার সোর্সের মাধ্যমে প্রযুক্তি ব্যবসায়ীরা এই শিক্ষা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। ফেব্রুয়ারিতে বৃত্তি প্রাপ্তদের এক বছরের বেতন ও শিক্ষা খরচ দেয়া হবে। সংবাদ বিজ্ঞপ্তি।